রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২৩, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১৭ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ২৩৩-আইন/২০১৮।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন 'অটোমোবাইল ওয়ার্কশপ' শিল্প সেক্টরের, অতঃপর উক্ত সেক্টর বলিয়া উল্লিখিত, শ্রমিকদের জন্য নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক সুপারিশকৃত, নিম্নের তফসিল 'ক' এর কলাম (৩) এ বর্ণিত কাজের ধরন অনুযায়ী কলাম (২) অনুসারে শ্রেণিবিভাগ করিল, এবং তফসিল 'খ' 'গ' তে উল্লিখিত নিম্নতম মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, উক্ত সেক্টরের শ্রমিকদের জন্য নিম্নতম মজুরির হার হিসাবে এতদ্দ্বারা ঘোষণা করিল, যথা :—

**তফসিল "ক"**

'অটোমোবাইল ওয়ার্কশপ' শিল্প সেক্টরের শ্রেণিবিভাগ ও কাজের ধরন'

| ক্রমিক নং | শ্রেণিবিভাগ | কাজের ধরন |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | প্রথম শ্রেণি (ক) | নিম্নবর্ণিত ১২ (বার) ধরনের কার্যক্রম পরিচালনাকারী 'অটোমোবাইল ওয়ার্কশপ' শিল্প প্রতিষ্ঠান প্রথম শ্রেণি (ক) এর অন্তর্ভুক্ত হইবে, যথা :—<br>১। মেকানিক্যাল রিপিয়ারিং (মেজর); ২। মেকানিক্যাল রিপিয়ারিং (মাইনর); ৩। টিনস্মিথ (ডেন্টিং); ৪। পেইন্টিং; ৫। সার্ভিসিং; ৬। মেশিনশপ (লেদমেশিন); |



মূল্য : টাকা ১২.০০

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| | | ৭। অটোমোবাইল ইলেকট্রিক্যাল ওয়ার্কস; ৮। অটোমোবাইল এসি ওয়ার্কস; ৯। অটোমোবাইল সিএনজি কনভারশন ওয়ার্কস; ১০। অটোমোবাইল বডি বিল্ডার ওয়ার্কস; ১১। অটোমোবাইল কনভারশন বা মেরামত ওয়ার্কস এবং ১২। কুশন বা সিট ওয়ার্কস। |
| ২। | প্রথম শ্রেণি (খ) | যে সকল 'অটোমোবাইল ওয়ার্কশপ' শিল্প প্রতিষ্ঠানে কেবল মেশিনশপ কাজ ব্যতীত প্রথম শ্রেণি (ক) এ উল্লিখিত অন্য যে কোন ১০ (দশ) ধরনের কাজ সম্পন্ন হয়। |
| ৩। | দ্বিতীয় শ্রেণি | যে সকল "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প প্রতিষ্ঠানে পরিচালক এবং মেশিনশপ নাই এবং প্রথম শ্রেণি (ক) এ উল্লিখিত কাজের মধ্যে ০৮ (আট) ধরনের কাজ বা তাহার কম কাজ ০৫ (পাঁচ) এর অধিক সংখ্যক শ্রমিক দ্বারা সম্পন্ন হয়। |
| ৪। | তৃতীয় শ্রেণি | যে সকল "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প প্রতিষ্ঠানে ০৫ (পাঁচ) বা তাহার কম সংখ্যক শ্রমিক দ্বারা, মেশিনশপ কাজ ব্যতীত, প্রথম শ্রেণি (ক) এ উল্লিখিত অন্য যে কোন কাজ সম্পন্ন করা হয়। |

**তফসিল "খ"**

**'শ্রমিকগণের মাসিক মজুরির হার'**

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | অটোমোবাইল ওয়ার্কশপ এর শ্রেণিবিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | মাসিক সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | <u>**উচ্চতর দক্ষ :**</u><br>১। ফোরম্যান<br>২। সিনিয়র মেকানিকস<br>৩। সিনিয়র ফিটার<br>৪। সিনিয়র বডি মেকানিক (বাস ও ট্রাক) | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১২৪০০/- | ৭৪৪০/- | ৮০০/- | ৪০০/- | ২১০৪০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১২৪০০/- | ৪৯৬০/- | ৮০০/- | ৩০০/- | ১৮৪৬০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ৫। সিনিয়র বডি মেকানিক (ভ্যান)<br>৬। সিনিয়র এসি মেকানিক<br>৭। সিনিয়র সিএনজি মেকানিক<br>৮। সিনিয়র অটো ইলেকট্রিশিয়ান<br>৯। সিনিয়র ডেন্টার<br>১০। সিনিয়র টিনস্মিথ (ডেন্টিং)<br>১১। সিনিয়র ওয়েল্ডার<br>১২। সিনিয়র পেইন্টার<br>১৩। সিনিয়র টার্নার<br>১৪। সিনিয়র মেশিনিস্ট ও<br>১৫। সিনিয়র কুশন বা সিট মেকার | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১০৮৫০/- | ৬৫১০/- | ৮০০/- | ৪০০/- | ১৮৫৬০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১০৮৫০/- | ৪৩৪০/- | ৮০০/- | ৩০০/- | ১৬২৯০/- |
| | | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৯৩০০/- | ৫৫৮০/- | ৮০০/- | ৪০০/- | ১৬০৮০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৯৩০০/- | ৩৭২০/- | ৮০০/- | ৩০০/- | ১৪১২০/- |
| | | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭৭৫০/- | ৪৬৫০/- | ৮০০/- | ৪০০/- | ১৩৬০০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭৭৫০/- | ৩১০০/- | ৮০০/- | ৩০০/- | ১১৯৫০/- |
| ২। | <u>দক্ষ :</u><br>১। মেকানিকস<br>২। ফিটার<br>৩। বডি মেকানিক (বাস ও ট্রাক)<br>৪। বডি মেকানিক (ভ্যান)<br>৫। এসি মেকানিক<br>৬। সিএনজি মেকানিক<br>৭। অটো ইলেকট্রিশিয়ান<br>৮। ডেন্টার | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮১০০/- | ৪৮৬০/- | ৮০০/- | ৪০০/- | ১৪১৬০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮১০০/- | ৩২৪০/- | ৮০০/- | ৩০০/- | ১২৪৪০/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭৫০০/- | ৪৫০০/- | ৮০০/- | ৪০০/- | ১৩২০০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭৫০০/- | ৩০০০/- | ৮০০/- | ৩০০/- | ১১৬০০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ৯। টিনস্মিথ<br>১০। ওয়েল্ডার<br>১১। পেইন্টার<br>১২। টার্নার<br>১৩। মেশিনিস্ট ও<br>১৪। কুশন বা সিট মেকার | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬৮৫০/- | ৪১১০/- | ৮০০/- | ৪০০/- | ১২১৬০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬৮৫০/- | ২৭৪০/- | ৮০০/- | ৩০০/- | ১০৬৯০/- |
| | | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬২০০/- | ৩৭২০/- | ৮০০/- | ৪০০/- | ১১১২০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬২০০/- | ২৪৮০/- | ৮০০/- | ৩০০/- | ৯৭৮০/- |
| ৩। | <u>আধা দক্ষ :</u><br>১। এসিস্ট্যান্ট টু মেকানিকস<br>২। এসিস্ট্যান্ট টু ফিটার<br>৩। এসিস্ট্যান্ট টু বডি মেকানিক (বাস ও ট্রাক)<br>৪। এসিস্ট্যান্ট টু বডি মেকানিক (ভ্যান)<br>৫। এসিস্ট্যান্ট টু এসি মেকানিক<br>৬। এসিস্ট্যান্ট টু সিএনজি মেকানিক<br>৭। এসিস্ট্যান্ট টু অটো-ইলেকট্রিশিয়ান<br>৮। এসিস্ট্যান্ট টু ডেন্টার<br>৯। এসিস্ট্যান্ট টু টিনস্মিথ | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬৫৫০/- | ৩৯৩০/- | ৮০০/- | ৪০০/- | ১১৬৮০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬৫৫০/- | ২৬২০/- | ৮০০/- | ৩০০/- | ১০২৭০/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৫৬০০/- | ৩৩৬০/- | ৮০০/- | ৪০০/- | ১০১৬০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৫৬০০/- | ২২৪০/- | ৮০০/- | ৩০০/- | ৮৯৪০/- |
| | | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৫০০০/- | ৩০০০/- | ৮০০/- | ৪০০/- | ৯২০০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৫০০০/- | ২০০০/- | ৮০০/- | ৩০০/- | ৮১০০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ১০।এসিস্ট্যান্ট টু ওয়েল্ডার<br>১১। এসিস্ট্যান্ট টু পেইন্টার<br>১২। এসিস্ট্যান্ট টু টার্নার<br>১৩। এসিস্ট্যান্ট টু মেশিনিস্ট<br>১৪। এসিস্ট্যান্ট টু কুশন বা সিট মেকার<br>১৫।সার্ভিসিং এটেনডেন্ট<br>১৬। ক্লিনার | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৪৬৫০/- | ২৭৯০/- | ৮০০/- | ৪০০/- | ৮৬৪০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৪৬৫০/- | ১৮৬০/- | ৮০০/- | ৩০০/- | ৭৬১০/- |
| ৪। | **অদক্ষ :**<br>১। সাহায্যকারী/ এসিস্ট্যান্ট | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৪৬৫০/- | ২৭৯০/- | ৮০০/- | ৪০০/- | ৮৬৪০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৪৬৫০/- | ১৮৬০/- | ৮০০/- | ৩০০/- | ৭৬১০/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৪৩৫০/- | ২৬১০/- | ৮০০/- | ৪০০/- | ৮১৬০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৪৩৫০/- | ১৭৪০/- | ৮০০/- | ৩০০/- | ৭১৯০/- |
| | | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৩৯০০/- | ২৩৪০/- | ৮০০/- | ৪০০/- | ৭৪৪০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৩৯০০/- | ১৫৬০/- | ৮০০/- | ৩০০/- | ৬৫৬০/- |
| | | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৩৪৫০/- | ২০৭০/- | ৮০০/- | ৪০০/- | ৬৭২০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৩৪৫০/- | ১৩৮০/- | ৮০০/- | ৩০০/- | ৫৯৩০/- |

- **শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ একজন শ্রমিকের কাজে সন্তুষ্ট না হইলে তাহার শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করিতে পারিবে।

(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৫০০০ (পাঁচ হাজার) টাকা প্রাপ্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

**তফসিল "গ"**

**'শ্রমিকগণের মাসিক মজুরির হার'**

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | অটোমোবাইল ওয়ার্কশপ এর শ্রেণিবিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৬০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | মাসিক সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | <u>গ্রেড-১ :</u><br>১। ক্যাশিয়ার<br>২। এ্যাসিস্ট্যান্ট একাউন্ট্যান্ট<br>৩। স্টোর কিপার | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ১০৮৫০/- | ৬৫১০/- | ৮০০/- | ৪০০/- | ১৮৫৬০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ১০৮৫০/- | ৪৩৪০/- | ৮০০/- | ৩০০/- | ১৬২৯০/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৯৩০০/- | ৫৫৮০/- | ৮০০/- | ৪০০/- | ১৬০৮০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৯৩০০/- | ৩৭২০/- | ৮০০/- | ৩০০/- | ১৪১২০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭৭৫০/- | ৪৬৫০/- | ৮০০/- | ৪০০/- | ১৩৬০০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭৭৫০/- | ৩১০০/- | ৮০০/- | ৩০০/- | ১১৯৫০/- |
| | | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬৮৫০/- | ৪১১০/- | ৮০০/- | ৪০০/- | ১২১৬০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬৮৫০/- | ২৭৪০/- | ৮০০/- | ৩০০/- | ১০৬৯০/- |
| ২। | <u>গ্রেড-২ :</u> ১। স্টোর এ্যাসিস্ট্যান্ট ২। টাইপিস্ট/ কম্পিউটার অপারেটর ৩। ওয়ার্কশপ রিসিপশনিস্ট ৪। এ্যাসিস্ট্যান্ট ক্লার্ক ৫। টেলিফোন অপারেটর ৬। টুল স্টোর এটেনডেন্ট | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭৭৫০/- | ৪৬৫০/- | ৮০০/- | ৪০০/- | ১৩৬০০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭৭৫০/- | ৩১০০/- | ৮০০/- | ৩০০/- | ১১৯৫০/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭১৫০/- | ৪২৯০/- | ৮০০/- | ৪০০/- | ১২৬৪০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭১৫০/- | ২৮৬০/- | ৮০০/- | ৩০০/- | ১১১১০/- |
| | | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬৫৫০/- | ৩৯৩০/- | ৮০০/- | ৪০০/- | ১১৬৮০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬৫৫০/- | ২৬২০/- | ৮০০/- | ৩০০/- | ১০২৭০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬২০০/- | ৩৭২০/- | ৮০০/- | ৪০০/- | ১১১২০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬২০০/- | ২৪৮০/- | ৮০০/- | ৩০০/- | ৯৭৮০/- |
| ৩। | <u>গ্রেড-৩ :</u><br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। স্টোর এটেনডেন্ট<br>৪। নাইট গার্ড<br>৫। মালি<br>৬। সুইপার | প্রথম শ্রেণি (ক) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬৫৫০/- | ৩৯৩০/- | ৮০০/- | ৪০০/- | ১১৬৮০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬৫৫০/- | ২৬২০/- | ৮০০/- | ৩০০/- | ১০২৭০/- |
| | | প্রথম শ্রেণি (খ) | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৫৬০০/- | ৩৩৬০/- | ৮০০/- | ৪০০/- | ১০১৬০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৫৬০০/- | ২২৪০/- | ৮০০/- | ৩০০/- | ৮৯৪০/- |
| | | দ্বিতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৫০০০/- | ৩০০০/- | ৮০০/- | ৪০০/- | ৯২০০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৫০০০/- | ২০০০/- | ৮০০/- | ৩০০/- | ৮১০০/- |
| | | তৃতীয় শ্রেণি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৪৬৫০/- | ২৭৯০/- | ৮০০/- | ৪০০/- | ৮৬৪০/- |
| | | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৪৬৫০/- | ১৮৬০/- | ৮০০/- | ৩০০/- | ৭৬১০/- |

- **শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে:**

(ক) শিক্ষানবিশিকাল ৬ (ছয়) মাস;

(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৫,৫০০ (পাঁচ হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

**শর্তাবলি :**

১। তফসিল 'ক' তে উল্লিখিত 'অটোমোবাইল ওয়ার্কশপ' শিল্প সেক্টরের শ্রেণিবিভাগ ও উহার কাজের ধরন অনুযায়ী তফসিল 'খ' ও 'গ' তে উল্লিখিত নিম্নতম মজুরির হার সমগ্র বাংলাদেশের "অটোমোবাইল ওয়ার্কশপ" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে;

২। তফসিলে উল্লিখিত পদের অতিরিক্ত কোন পদ উক্ত সেক্টরে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত হইবে;

৩। তফসিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে;

৪। কোন শ্রমিকের বর্তমানে প্রাপ্ত মজুরির সহিত এই প্রজ্ঞাপনে উল্লিখিত মজুরি যোগ করিয়া নূতনভাবে মজুরি নির্ধারণ করিতে হইবে;

৫। কোন শ্রমিককে তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না;

৬। এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস ও শ্রেণিবিভাগ অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ গ্রেডে সন্নিবেশিত করিয়া তাহার প্রাপ্য মজুরি রেজিস্টারভুক্ত করতঃ মজুরি স্লিপ প্রদান করিবেন;

৭। উক্ত সেক্টরের কোন শ্রমিককে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রদান করা হইলে উহা কোনক্রমেই হ্রাস করা যাইবে না;

৮। উক্ত সেক্টরের শ্রমিকগণ এবং নিয়োগকর্তা বা মালিকপক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোন শ্রমিককে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারের অধিক হারে মজুরি নির্ধারণ ও প্রদান করা যাইবে;

৯। কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে উক্ত সেক্টরে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইলে তিনিও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী 'শ্রমিক' হিসাবে গণ্য হইবেন। কোন ঠিকাদার কোন শ্রমিককে সরকার কর্তৃক নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না। উক্ত সেক্টরের কোন শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য মজুরি প্রাপ্তির ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হইলে তাহার দায়-দায়িত্ব সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে;

১০। উক্ত সেক্টরে শ্রমিক সরবরাহ বা নিয়োগের জন্য নিয়োজিত ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান অনুযায়ী উক্ত সেক্টরের মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন;

১১। উক্ত সেক্টরের মালিক যদি কোন শ্রমিককে ফুরণভিত্তিক (Piece Rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তাহা হইলে এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত শ্রমিককে নির্দিষ্ট গ্রেডভুক্ত করিয়া নির্ধারিত নিম্নতম মজুরি প্রদান করিতে হইবে;

১২। নির্ধারিত নিম্নতম মজুরি ও ভাতাদি ছাড়াও যদি উক্ত সেক্টরের কোন শ্রমিক অব্যাহতভাবে কোন অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা হইলে উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক ধারাবাহিকভাবে বলবৎ ও অব্যাহত থাকিবে;

১৩। উক্ত সেক্টরের শ্রমিকগণ এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে প্রতি বৎসর মূল মজুরির ৫% (শতকরা পাঁচ ভাগ হারে) বার্ষিক মজুরি বৃদ্ধির সুবিধা পাইবেন এবং সংশ্লিষ্ট মালিক উহা প্রদান করিতে বাধ্য থাকিবেন;

১৪। উক্ত সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রাপ্য হইবেন;

১৫। উক্ত সেক্টরের মালিক যদি কোন শ্রমিকের পরিবারের জন্য আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন, তাহা হইলে সেইক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিকের ক্ষেত্রে বাড়ি ভাড়া ভাতা প্রযোজ্য হইবে না; এবং

১৬। উপরোক্ত শর্তাবলির কোন অংশ প্রচলিত কোন আইন বা বিধিমালার সহিত সাংঘর্ষিক হইলে, সংশ্লিষ্ট অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হামিদা চৌধুরী**
যুগ্মসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd